Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-450

বিষয়: অনৈচ্ছিক বদলী প্রক্রিয়া

শ্রেণি: **শিক্ষার্থী**

ইস্যুর তারিখ: 18 জুন, 2026

## পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার

এই প্রবিধান 20 জানুয়ারি, 2011 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-450 কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- 'বরো ডিরেক্টর অভ স্টুডেন্ট সাসপেনশনস্'-এর স্থলে 'এক্সিকিউটিভ ডিরেক্টর অভ স্কুল কালচার অ্যান্ড ক্লাইমেট' প্রতিস্থাপন করে।

সেকশন 1. ভূমিকা

- এই মর্মে যে, যদি কোনো শিক্ষার্থী এমন কোনও অসদাচরণে লিপ্ত হয় যার জন্য সাসপেন্ড করা প্রয়োজন, তাকে সাসপেনশনের পরিবর্তে অনৈচ্ছিক বদলি করা যাবে না, তবে যদি শিক্ষার্থীর আচরণ থেকে প্রতীয়মান হয় যে অন্য কোনও স্কুলে আসন দেয়া থেকে সে উপকৃত হতে পারে, সেক্ষেত্রে এটি একটি বাড়তি পদক্ষেপ হিসেবে বিবেচনা করা যেতে পারে।
- স্কুলের নিরাপত্তা কর্মীদের (স্কুল সেফটি এজেন্ট) দ্বারা শিক্ষার্থীদের ব্যক্তিগত ও মেটাল ডিটেকশন ব্যবহার করে তল্লাশির বিধানটি অপসারণ করে।

সেকশন II. প্রতিরোধমূলক প্রক্রিয়া

- একটি অনৈচ্ছিক বদলি প্রক্রিয়া শুরু করার আগে স্কুল কর্মীদের অবশ্যই প্রতিরোধমূলক প্রচেষ্টা চালাতে হবে তা সুস্পষ্ট করে।
- স্বেচ্ছা-বদলি প্রক্রিয়া সংক্রান্ত অংশটি সেকশন III -এ প্রিন্সিপালের কনফারেন্সের পর যেসব পদক্ষেপ গৃহীত হতে পারে সেবিষয়ে আলোচনায় স্থানান্তর করে।

সেকশন III. প্রিন্সিপালের কনফারেন্স

- প্রিন্সিপালের কনফারেন্স সময়সূচি করার আগে বরো ডিরেক্টর অভ স্টুডেন্ট সাসপেনশনস্-এর সাথে পরামর্শ করার যে আবশ্যক শর্ত সেটি অপসারণ করে।

- প্রিন্সিপালের কনফারেন্স সশরীরে অথবা একটি DOE-অনুমোদিত প্ল্যাটফর্মে ভার্চুয়ালভাবে অনুষ্ঠিত হবার অনুমতি প্রদান করে।
- এই মর্মে যে, যদি পিতামাতা কোনও বদলিতে সম্মত হন, তবে অফিস অভ স্কুল এনরোলমেন্ট বিকল্প স্কুল শনাক্ত করবে।
- বদলি সুপারিশ করার সময়, শিক্ষার্থীর চাহিদা কোন ধরনের স্কুল আরও ভালোভাবে পূরণ করতে পারে সেবিষয়ে একটি সুপারিশ অন্তর্ভুক্ত করা প্রিন্সিপালের জন্য আবশ্যক করা।

সেকশন IV. এক্সিকিউটিভ ডিরেক্টরের সিদ্ধান্ত

- এই মর্মে যে যদি এক্সিকিউটিভ ডিরেক্টর একটি বদলির সুপারিশে সম্মত হন, সেক্ষেত্রে শিক্ষার্থী ও পিতামাতাকে একটি শুনানি অনুরোধ করার অধিকার অবহিত করার লক্ষ্যে একটি বিজ্ঞপ্তি প্রদান করতে তিনি অফিস অভ স্টুডেন্ট সাসপেনশনস্-এর সাথে সমন্বয় সাধন করবেন।
- বিজ্ঞপ্তি-পত্রের বিষয়বস্তু হালনাগাদ করে।
- শুনানি দ্রুত সম্পন্ন করা আবশ্যক করে।
- শুনানি দূর থেকে (রিমোটভাবে) অথবা অভিভাবকের অনুরোধে সশরীরে অনুষ্ঠিত হবার অনুমতি দেয়।
- এই মর্মে যে, যদি পিতামাতা উপস্থিত হতে ব্যর্থ হন, তবে তিন স্কুল দিবসের মধ্যে শুনানি পুনরায় সময়সূচি করা যেতে পারে।
- শুনানি-পরবর্তী সিদ্ধান্ত প্রকাশের সময়সীমা এক্সিকিউটিভ ডিরেক্টরের জন্য দশ স্কুল দিবস থেকে কমিয়ে পাঁচ স্কুল দিবস করে।
- এই মর্মে যে, সুপারিনটেনডেন্টের সাথে পরামর্শ করার মাধ্যমে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট একটি যথাযথ স্কুল নির্ধারণ করবে।
- সুস্পষ্ট করে যে, পরিস্থিতির উপর ভিত্তি করে বদলি কার্যকর করার তারিখ নির্ধারণে এক্সিকিউটিভ ডিরেক্টরের ক্ষমতা আছে।

সেকশন V. আপিল

- কোনো আপিল বিবেচনাধীন থাকার সময় শিক্ষার্থী অথবা পিতামাতা শিক্ষার্থীর অনৈচ্ছিক বদলির উপর চ্যান্সেলরের কাছ থেকে একটি সাময়িক সিদ্ধান্ত অনুরোধ করতে পারে এই মর্মে, যে বিধানটি রয়েছে সেটি অপসারণ করে।

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-450

বিষয়: অনৈচ্ছিক বদলী প্রক্রিয়া

শ্রেণি: **শিক্ষার্থী**

ইস্যুর তারিখ: 18 জুন, 2026

## সারসংক্ষেপ

এই প্রবিধান K-12 গ্রেডের সাধারণ শিক্ষার শিক্ষার্থীর অনৈচ্ছিক বদলির বিষয়টি নিয়ন্ত্রণ করে। এটি 20 জানুয়ারি, 2011 তারিখে ইস্যু করা চ্যান্সেলরের প্রবিধান A-450, অনৈচ্ছিক বদলি প্রক্রিয়াকে রহিত করে।

## I. ভূমিকা

নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা আইনের সেকশন 3214(5) অনুসারে এই প্রবিধান A-450 জেনারেল এডুকেশনের (সাধারণ শিক্ষা) শিক্ষার্থীদের অনৈচ্ছিক বদলি কার্যকর করার প্রক্রিয়া ব্যাখ্যা করে। চ্যান্সেলরের প্রবিধান A-443 এবং স্পেশাল এডুকেশন স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর (বিশেষ শিক্ষা প্রমিত পরিচালনা প্রক্রিয়া, SOPM) অনুযায়ী শৃঙ্খলাবিধানমূলক উদ্দেশ্যে প্রতিবন্ধিতাযুক্ত বলে পূর্বানুমানকৃত শিক্ষার্থীসহ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের অনৈচ্ছিক বদলি করা যাবে না। যে ক্ষেত্রে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী স্কুল বদলি থেকে উপকৃত হতে পারে, সে ক্ষেত্রে একটি IEP সভা আয়োজন করা উচিত।

যথাযথ হস্তক্ষেপমূলক ব্যবস্থা কার্যকর করার পর যখন কোনো শিক্ষার্থীর আচরণে, মনো-সামাজিক সুস্থতার অবস্থায় এবং/অথবা শিক্ষায়তনিক রেকর্ডে দেখা যায় যে তাকে বদলি করা হলে বা অন্য কোথাও থেকে তাকে যথাযথ শিক্ষার সুযোগ দিলে সে উপকৃত হতে পারে, তখন প্রিন্সিপাল এই প্রবিধান অনুসারে অনৈচ্ছিক বদলির পদক্ষেপ নিতে পারেন। শিক্ষার্থীর লেখাপড়ায় সব ধরনের প্রতিবন্ধকতা ন্যূনতম রাখার সর্বতো চেষ্টা করতে হবে। [দ্রষ্টব্য! যদি কোনো শিক্ষার্থী এমন কোনো অসদাচারণে লিপ্ত হয় যার জন্য চ্যান্সেলরের প্রবিধান A-443 অনুযায়ী সাময়িক বহিষ্কার করতে হয়, তাহলে সাময়িক বহিষ্কার চাইতে হবে।

সাময়িক বহিস্কারের স্থলে অনৈচ্ছিক বদলি করা যাবে না, তবে অসদাচারণ মোকাবেলায় ভিন্ন একটি স্কুলে বদলির সুপারিশকে উপযুক্ত একটি বাড়তি পদক্ষেপ হিসেবে গৃহীত হতে পারে।]

## II. প্রতিরোধমূলক প্রক্রিয়া

A. স্কুল-অভ্যন্তরের পদক্ষেপসমূহ

কাঙ্খিত শিক্ষার প্রসার ঘটায় এবং শিক্ষা প্রক্রিয়ায় ক্ষতিকর প্রভাব বিস্তারকারী আচরণের ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করে, এমন একাধিক উদ্যোগ ও সহযোগিতার উদ্যোগ গ্রহণের ও ব্যবহারের জন্য স্কুল কর্মকর্তাগণ দায়িত্বশীল। যখন কোনো শিক্ষার্থীর আচরণ এবং/অথবা শিক্ষায়তনিক রেকর্ডে দেখা যায় যে স্কুলের সাথে শিক্ষার্থীর সমন্বিতকরণ অসন্তোষজনক, তখন স্কুল কর্তৃপক্ষকে অবশ্যই শিক্ষার্থীর চাহিদা পূরণের জন্য পরিকল্পনা তৈরি ও হস্তক্ষেপ সম্পর্কে খোঁজ করতে হবে ও সেসব পরিকল্পনা নিয়ে শিক্ষার্থী ও তার পিতামাতাদের সাথে আলোচনা করতে হবে।[1] এসব পরিকল্পনায় বিকল্প শিক্ষানির্দেশনা উপকরণ এবং/অথবা পদ্ধতি, বিকল্প ক্লাসরুম নিয়ন্ত্রণ কৌশল, সংশোধনাত্মক পদক্ষেপ, শ্রেণিকক্ষে নিযুক্তিতে পরিবর্তন, পরামর্শমূলক সহায়তা, এবং/অথবা ব্যক্তিগত ও পারিবারিক পরিস্থিতি মোকাবেলার জন্য পরিষেবাও অন্তর্ভুক্ত করা যেতে পারে। সকল প্রতিরোধমূলক প্রচেষ্টার কথা অবশ্যই শিক্ষার্থীর ইলেক্ট্রনিক রেকর্ডে বিবৃত থাকতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে প্রতিরোধমূলক প্রচেষ্টার অন্তর্ভুক্ত হতে পারে, আরও মূল্যায়নের জন্য কমিটি অন স্পেশাল এডুকেশন-এর কাছে প্রেরণ করা।

B. অনৈচ্ছিকভাবে বদলি করার প্রক্রিয়া

অনৈচ্ছিকভাবে বদলি প্রক্রিয়া চলমান থাকাকালে শিক্ষার্থীকে অবশ্যই তার চলমান স্কুলে থাকতে হবে, যদি না সে চ্যান্সেলরের প্রবিধান A-443 অনুযায়ী সাময়িকভাবে বহিষ্কৃত এবং অন্য কোথাও যাওয়ার জন্য নির্দেশপ্রাপ্ত হয়, কিংবা যদি না পিতামাতা বদলির জন্য সম্মতি দিয়ে থাকেন।

## III. প্রিন্সিপালের কনফারেন্স

যদি স্কুলের সাথে শিক্ষার্থীর সমন্বিতকরণে সহায়তা প্রচেষ্টা ব্যর্থ হয়, এবং প্রিন্সিপাল বিশ্বাস করেন যে শিক্ষার্থী বদলি থেকে উপকৃত হবে এবং অন্য কোনো স্কুলে বদলি হলে যথাযথ শিক্ষা লাভ করবে, তাহলে প্রিন্সপাল পিতামাতার সাথে শিক্ষার্থীর সম্ভাব্য বদলি নিয়ে আলোচনার জন্য একটি সাক্ষাতের সময় নির্ধারণ করতে পারেন।

A. নোটিশ

[1] এই প্রবিধানে যখনই "পিতামাতা" শব্দটি ব্যবহৃত হয়েছে, তখন এর দ্বারা বুঝাবে শিক্ষার্থীর পিতামাতা(গণ) অথবা অভিভাবক(গণ), অথবা শিক্ষার্থীর সঙ্গে পিতামাতা বা হেফাজতকারীর সম্পর্কে আবদ্ধ ব্যক্তি(বর্গ), কিংবা স্থানীয়ভাবে পিতামাতার দায়িত্ব পালনের জন্য পিতামাতার কাছ থেকে বা চ্যান্সেলরের প্রবিধান A-101 অনুসারে বিকল্প হিসেবে দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি, অথবা শিক্ষার্থী নিজে, যদি সে স্বাবলম্বী নাবালক অথবা 18 বছর বয়সী হয়ে থাকে।

1. শিক্ষার্থী ও পিতামাতার কাছে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি একটি লিখিত বিজ্ঞপ্তি প্রদান করবেন এই মর্মে যে, শিক্ষার্থীকে বদলি করার একটি প্রস্তাব বিবেচনা করা হচ্ছে (একটি নমুনা চিঠি এই ওয়েবপেজ-এ দেখতে পারেন: https://www.schools.nyc.gov/about-us/policies/chancellors-regulations/frequently-used-documents)।
2. চিঠিতে যা যা অবশ্যই জানাতে হবে: (1) প্রিন্সিপালের সাথে বদলি নিয়ে বৈঠকের তারিখ, সময় এবং স্থান, (2) পিতামাতা ও শিক্ষার্থীর যে একজন পরামর্শক বা পছন্দের ব্যক্তিকে সঙ্গে নিয়ে যাবার অধিকার আছে, সে কথা, (3) বৈঠকের আগে শিক্ষার্থীর রেকর্ডের একটি অনুলিপি চেয়ে নেওয়ার অধিকারের কথা, (4) যদি পিতামাতার অগ্রাধিকারের ভাষা ইংরেজি না হয়, তাহলে বৈঠকের তারিখের আগে প্রিন্সিপালের সাথে যোগাযোগ করে বৈঠকে তাদেরকে সহায়তার জন্য একজন দোভাষীর জন্য অনুরোধ জানাবার বা একজন দোভাষী সঙ্গে আনার অধিকারের কথা।

B. প্রিন্সিপালের কনফারেন্স

1. শিক্ষার্থীর বদলির বিষয়টি বিবেচনার জন্য প্রিন্সিপালের সিদ্ধান্তকে ঘিরে বিভিন্ন বিষয়বস্তু একটি আলোচনা ফোরামে যুক্ত হওয়ার সুযোগ প্রদান করে। এটি শিক্ষার্থীর শিক্ষায়তনিক ও আচরণগত চাহিদা নিয়ে এবং সেসব চাহিদার মোকাবেলার জন্য অতীতে কোনো পদক্ষেপ বা কৌশল গ্রহণ করা হয়ে থাকলে তা নিয়ে আলোচনার একটি সুযোগ প্রদান করে।
2. প্রিন্সিপালকে অবশ্যই এই বৈঠক আহ্বান করতে হবে। প্রিন্সিপালের কনফারেন্স সশরীরে অথবা একটি DOE-অনুমোদিত প্ল্যাটফর্মে ভার্চুয়ালভাবে অনুষ্ঠিত হতে পারে। যদি কোনো পিতামাতা মুলতবির অনুরোধ করেন, তাহলে প্রিন্সিপাল দ্রুত পুনরায় বৈঠকের সময়সূচি ঠিক করবেন। বিশেষ পরিস্থিতি না থাকলে দ্বিতীয়বার নতুন সময়সূচির অনুরোধ করা অনুমোদিত হবে না। যদি সময়সূচির বিজ্ঞপ্তি দেওয়ার পরও শিক্ষক ও পিতামাতা অনুপস্থিত থাকেন, তাহলে প্রিন্সিপ্যালকে বৈঠক চালিয়ে যেতে হবে এবং শিক্ষার্থী ও তার পিতামাতাকে উপস্থিত রাখার জন্য স্কুলের নেওয়া প্রচেষ্টার কথা তাদের সিদ্ধান্তে অন্তর্ভুক্ত করতে হবে। পিতামাতাদেরকে লিখিতভাবে নির্ধারিত তারিখে কনফারেন্স অনুষ্ঠিত হওয়ার এবং কোন সিদ্ধান্ত গৃহীত হলে সেগুলোর কথা জানাতে হবে।
3. শিক্ষার্থী ও তার পিতামাতাতা বৈঠকে তাদেরকে সহায়তাদানের জন্য একজন অ্যাটর্নি বা অন্য কোনো ব্যক্তিকে সঙ্গে আনতে পারবেন। প্রিন্সিপাল প্রয়োজন হলে শিক্ষার্থী সম্পর্কে ধারণা আছে, এমন স্কুল কর্মকর্তাদেরকে বৈঠকে উপস্থিত হতে বলতে পারেন। বৈঠকটি প্রথাগত হিয়ারিং (শুনানি), প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নয়, তবে সেটা একটি সুপারিশমূলক প্রক্রিয়া এবং যেন তা বিরোধপূর্ণ

না হয়। অ্যাটর্নি বা অ্যাডভোকেটকে অনানুষ্ঠানিক বৈঠকের বৈশিষ্ট্য মেনে নিয়ে অংশগ্রহণ করতে হবে।

4. পিতামাতার পছন্দের ভাষা যদি ইংরেজি ভিন্ন অন্য কোনোটি হয়ে থাকে, তাহলে পিতামাতা সহায়তার জন্য বৈঠকের তারিখের আগে প্রিন্সিপালের সাথে যোগাযোগ করে DOE-এর কাছে একজন দোভাষীর অনুরোধ জানাতে কিংবা একজন দোভাষীকে সঙ্গে আনতে পারবেন।
5. পিতামাতার অনুরোধের প্রেক্ষিতে প্রিন্সিপালকে শিক্ষার্থীর রেকর্ডের অনুলিপি দিতে হবে।
6. বৈঠকের পর:
   a. পিতামাতা তাদের সন্তানকে অন্যত্র বদলির ব্যাপারে একমত হতে পারেন, সেক্ষেত্রে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট শিক্ষার্থীর জন্য একটি বিকল্প স্কুল চিহ্নিত করবে। যদি পিতামাতা তাদের সন্তানকে বদলি করতে না চান, তাহলে স্কুলকে এখানে বেঁধে দেওয়া অনৈচ্ছিক বদলি প্রক্রিয়া নিয়ে এগিয়ে যাবেন।
   b. যদি প্রিন্সিপাল বিশ্বাস করেন যে কোনো বদলির প্রয়োজন নেই, তাহলে তিনি শিক্ষার্থী ও পিতামাতাকে বৈঠকের পাঁচ (5) স্কুল দিবসের মধ্যে লিখিত পরামর্শ প্রদান করবেন এবং শিক্ষার্থীর চাহিদা পূরণের কৌশলের সুপারিশ অন্তর্ভুক্ত করবেন।
   c. যদি সুপারিনটেনডেন্ট/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে আলোচনার পর প্রিন্সিপাল সিদ্ধান্তে পৌঁছেন যে, শিক্ষার্থী বদলি থেকে উপকৃত হতে কিংবা অন্য স্কুল থেকে যথোপযুক্ত শিক্ষা পেতে পারে, তাহলে তাকে অবশ্যই বদলির জন্য এক্সিকিউটিভ ডিরেক্টর অভ স্কুল কালচার অ্যান্ড ক্লাইমেট ("এক্সিকিউটিভ ডিরেক্টর), কিংবা অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট ("OSYD") কর্তৃক দায়িত্বপ্রাপ্ত উত্তরসূরী বরাবর পাঁচ (5) স্কুল দিবসের মধ্যে একটি বদলির লিখিত সুপারিশপত্র জারি করতে হবে। প্রিন্সিপালের লিখিত সুপারিশে অবশ্যই যেসব আচরণগত এবং/অথবা শিক্ষায়তনিক সমস্যাগুলোর কারণে অন্যত্র বদলি করার প্রয়োজন হচ্ছে, তার এবং যেসব বিকল্প অনুসন্ধান করা হয়েছে ও অতীতে যেসব ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল, সেসবের একটি বর্ণনা অন্তর্ভুক্ত করতে হবে। প্রিন্সিপালকে অবশ্যই এমন ধরনের স্কুলের জন্য সুপারিশ অন্তর্ভুক্ত করতে হবে যা শিক্ষার্থীর চাহিদা অধিকতর ভালো পূরণ করতে পারে। প্রিন্সিপালের সুপারিশপত্রের একটি অনুলিপি শিক্ষার্থী ও পিতামাতাকে দিতে হবে (নমুনা চিঠি দেখা যাবে এই ওয়েবসাইটে: https://www.schools.nyc.gov/about-us/policies/chancellors-regulations/frequently-used-documents)।

## IV. এক্সিকিউটিভ ডিরেক্টরের সিদ্ধান্ত

A. প্রাথমিক দায়বদ্ধতা

প্রিন্সিপালের কাছ থেকে একটি বদলির চিঠি পাওয়ার পর এক্সিকিউটিভ ডিরেক্টর যা করতে পারেন:

1. অনৈচ্ছিক বদলির প্রয়োজন নেই বলে নির্ধারণ করতে পারেন এবং প্রিন্সিপাল ও পিতামাতাকে এই মর্মে লিখিতভাবে তা জানিয়ে দিতে পারেন যে, শিক্ষার্থীর পক্ষে স্কুল-ভিত্তিক উদ্যোগ গ্রহণ করতে হবে; অথবা
2. সুপারিশকে বিবেচনার জন্য গ্রহণ করবেন এবং শিক্ষার্থী ও পিতামাতাকে লিখিতভাবে জানাবেন যে একটি বদলির প্রস্তাব গৃহীত হয়েছে এবং নিচের নিয়ম অনুযায়ী একটি শুনানির অনুরোধ জানাবার অধিকার তাদের আছে।

B. নোটিশ

শিক্ষার্থী ও পিতামাতাকে যাতে একটি শুনানির অনুরোধ জানাবার অধিকারের কথা বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়, এক্সিকিউটিভ ডিরেক্টরকে অফিস অভ স্টুডেন্ট সাসপেনশন্স বা তার উত্তরাধিকারীর সাথে তা সমন্বয় করতে হবে। বিজ্ঞপ্তির চিঠিতে নিচের তথ্য থাকতে হবে (নমুনা চিঠি এই ওয়েবসাইটে দেখা যাবে: https://www.schools.nyc.gov/about-us/policies/chancellors-regulations/frequently-used-documents)।

1. এ ধরনের বদলির কথা বিবেচনার সুনির্দিষ্ট কারণ।
2. এই মর্মে একটি বিবৃতি যে, শুনানির অনুরোধ জানাবার জন্য শিক্ষার্থী ও পিতামাতার দশ (10) দিন সময় আছে।
3. এই মর্মে একটি বিজ্ঞপ্তি যে, যদি শুনানির অনুরোধ জানানো হয়, তাহলে শুনানির তারিখ, সময় এবং স্থান নির্ধারণ করে জানিয়ে দেওয়া হবে এবং একটি লিখিত শুনানি-পরবর্তি সিদ্ধান্ত জারি না করা পর্যন্ত প্রস্তাবিত বদলি কার্যকর হবে না, যদি না পিতামাতা শুনানির অপেক্ষায় থাকা পর্যন্ত অবিলম্বে বদলির জন্য লিখিত সম্মতি প্রদান করেন। তবে, পিতামাতা যদি অবিলম্বে বদলির জন্য সম্মতি দিয়েও থাকেন, সেটার দ্বারা এটা বুঝায় না যে তারা তাদের শুনানির অধিকার ত্যাগ করেছে।
4. এই মর্মে বিজ্ঞপ্তি যে, যদি কোনো পিতামাতা একটি শুনানির জন্য দশ (10) দিনের মধ্যে অনুরোধ না করেন, তাহলে দশ (10) দিন পার হওয়ার পর প্রস্তাবিত বদলি কার্যকর করা হবে, যদি না পিতামাতা আগের কোনো তারিখে বদলির জন্য লিখিত দেন।
5. এই মর্মে বিজ্ঞপ্তি যে, শুনানিতে সহযোগিতা করার জন্য পরামর্শক সঙ্গে নিয়ে যাবার অধিকার তাদের আছে; শিক্ষার্থী ও পিতামাতার সাক্ষীদেরকে প্রশ্ন করার এবং শিক্ষার্থীর পক্ষে সাক্ষী ও প্রমাণ উপস্থাপন করার অধিকার আছে এবং হয়তো হিয়ারিং অফিসে সাক্ষীদের প্রতি সপিনা জারি করার অনুরোধ জানাবার অধিকার আছে।

6. যেসব কম্যুনিটি এজেন্সি ফ্রি বা কম খরচে আইনি সহায়তা প্রদান করে, সেগুলোর একটি তালিকা।

7. শুনানিতে একজন অনুবাদক সঙ্গে আনার কিংবা পিতামাতার অগ্রাধিকারপ্রাপ্ত পছন্দের ভাষা ইংরেজি না হলে দোভাষী পরিষেবার জন্য DOE-কে অনুরোধ জানাবার অধিকার বিষয়ে বিজ্ঞপ্তি। যদি পিতামাতা শুনানির অনুরোধ না করে থাকেন এবং দশ (10) অতিক্রান্ত হয়ে থাকে বা পিতামাতা ইতোপূর্বে বদলিতে সম্মতি দিয়ে থাকেন, তাহলে এক্সিকিউটিভ ডিরেক্টরকে এক্সিকিউটিভ ডিরেক্টর ফর বরো এনরোলমেন্ট/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে আলোচনাক্রমে ভর্তির জন্য একটি উপযুক্ত স্কুল নির্ধারণ করতে হবে। স্টুডেন্ট সাসপেনশন-এর বরো ডিরেক্টরকে প্রেরক স্কুল ও গ্রাহক স্কুলের প্রিন্সিপালের কাছের এবং পিতামাতাদের কাছে শিক্ষার্থী কোন স্কুলে বদলি হচ্ছে এবং কবে থেকে সে বদলি কার্যকর হচ্ছে, সেটা জানিয়ে একটি চিঠি পাঠাতে হবে। স্কুলটিকে অবশ্যই হতে হবে সেই স্কুল, যেখানে শিক্ষার্থী উপযুক্ত শিক্ষা লাভ করবে।

C. শুনানি

1. যদি পিতামাতা শুনানির অনুরোধ করেন, তাহলে এক্সিকিউটিভ ডিরেক্টরকে হিয়ারিং অফিসের সাথে একটি ত্বরায়িত শুনানি আয়োজন করতে হবে। শুনানি দূর থেকে (রিমোটভাবে) অথবা অভিভাবকের অনুরোধে সশরীরে অনুষ্ঠিত হতে পারে।

2. শুনানি পরিচালনা

   a. প্রিন্সিপাল বা তার স্থলাভিষিক্ত ব্যক্তি উপস্থিত না থাকলে শুনানি পরিচালনা হতে পারবে না।

   b. মূলতবির অনুরোধের ক্ষেত্রে বা পিতামাতা উপস্থিত হবে ব্যর্থ হলে হিয়ারিং অফিসকে তিন (3) দিনের মধ্যে শুনানির আয়োজনের নতুন সময়সূচি নির্ধারণ করতে হবে। বিশেষ পরিস্থিতি না থাকলে দ্বিতীয়বার মুলতবির কোনো অনুরোধ অনুমোদিত হবে না।

   c. সূচি অনুযায়ী অনুষ্ঠিত কোনো শুনানিতে যদি পিতামাতা উপস্থিত না হন, তাহলে মুলতবি করার আবশ্যক, এমন উপযুক্ত কারণ না থাকলে তার অনুপস্থিতিতেই শুনানি অনুষ্ঠিত হতে পারে। যদি অনুপস্থিত থাকা অবস্থায় কোনো শুনানি হয়, তাহলে পিতামাতা ও শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করার জন্য স্কুল কর্মকর্তাদের গৃহীত উদ্যোগের বর্ণনা হিয়ারিং অফিসারকে দিতে হবে এবং শুনানির কাজ এগিয়ে নেওয়া যাবে। শিক্ষার্থী ও পিতামাতাকে লিখিতভাবে নির্ধারিত তারিখে শুনানি অনুষ্ঠিত হওয়ার এবং কোনো সিদ্ধান্ত গৃহীত হলে সেগুলোর কথা জানাতে হবে।

   d. স্কুল কর্মকর্তাগণ এটা জানাবার জন্য দায়বদ্ধ যে, শিক্ষার্থী অন্য স্কুলে বদলি থেকে উপকৃত হতে পারে বা উপযুক্ত শিক্ষা পেতে পারে।

e. স্কুল কর্মকর্তা ও পিতামাতা উপস্থিত থাকতে ও সাক্ষীদেরকে প্রশ্ন করতে পারবেন এবং প্রমাণ জমা দিতে পারবেন।

f. হিয়ারিং অফিসার শপথ পরিচালনা করার এবং যে সাক্ষী উপস্থিত হতে অস্বীকার করবেন ও যার প্রতি সপিনা জারির পূর্বে উপস্থিত না থাকার কারণ দর্শানোর বাধ্যবাধকতা আছে জন্য, তার প্রতি সপিনা জারির অধিকারপ্রাপ্ত। হয় স্কুল কর্মকর্তা বা বদলির বিষয়টি বিবেচনাধীন শিক্ষার্থীর পিতামাতা হিয়ারিং অফিসে যোগাযোগ করতে এবং সে সাক্ষীর প্রতি সপিনা জারির অনুরোধ জানাতে পারেন। ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কর্মচারি বা শিক্ষার্থীর প্রতি জারি করা সপিনা প্রদান করবেন স্কুল কর্মকর্তাগণ। শিক্ষার্থী সাক্ষীর প্রতি সপিনা জারি করা হোক না হোক কিংবা উপস্থিত থাকতে ও সাক্ষী দিতে সম্মত হোক বা না, পিতামাতার সম্মতি ছাড়া তারা উপস্থিত থাকতে পারবেনা।

g. শুনানি টেপ বা আক্ষরিক স্টেনোগ্রাফিক রেকর্ড অবশ্যই সংরক্ষণ করা হবে। পিতামাতাকে অনুরোধসাপেক্ষে টেপ বা ট্রান্সক্রিপ্টের কপি দিতে হবে।

D. সিদ্ধান্ত

1. শুনানির পাঁচ (5) স্কুল দিবসের মধ্যে এক্সিকিউটিভ ডিরেক্টরকে অবশ্যই প্রিন্সিপাল এবং পিতামাতার কাছে একটি চিঠি দিয়ে তার সিদ্ধান্ত ও তার কারণ জানাতে হবে।

2. যদি এক্সিকিউটিভ ডিরেক্টর বদলির সুপারিশ প্রত্যাখ্যান করেন, তাহলে শিক্ষার্থী বর্তমানে যে স্কুলটিতে আছে, সে স্কুলে প্রদানের জন্য কোনো শিক্ষায়তনিক ও তত্ত্বাবধান পরিষেবা নির্দিষ্ট হয়ে থাকলে, লিখিত সিদ্ধান্তে তা চিহ্নিত করতে হবে।

3. যদি এক্সিকিউটিভ ডিরেক্টর বদলির সুপারিশ অনুমোদন করেন, তাহলে অফিস অভ এনরোলমেন্টকে সুপারিনটেনডেন্টের সাথে আলোচনাক্রমে শিক্ষার্থীটির জন্য একটি উপযুক্ত স্কুল নির্ধারণ করতে হবে। এছাড়াও এক্সিকিউটিভ ডিরেক্টরকে চিঠিতে নির্দিষ্ট করে দিতে হবে শিক্ষার্থী কোথায় বদলি হবে এবং কতো তারিখ বদলি কার্যকর হবে। স্কুলটিকে অবশ্যই হতে হবে সেই স্কুল, যেখানে শিক্ষার্থী উপযুক্ত শিক্ষা লাভ করবে। গ্রাহক স্কুলের প্রিন্সিপালের অবশ্যই বদলির বিজ্ঞপ্তি হস্তগত হতে হবে।

4. বদলির সাথে সংশ্লিষ্ট পরিস্থিতির উপর ভিত্তি করে বদলি কার্যকর করার তারিখ নির্ধারণ করার ব্যাপারে এক্সিকিউটিভ ডিরেক্টর তার ক্ষমতা প্রয়োগ করবেন। প্রযোজ্য হলে সংশ্লিষ্ট সেমেস্টার বা সার্কেলের শেষ দিকে শিক্ষার্থীকে বদলির সুযোগ দেওয়ার কথা বিবেচনা করা যেতে পারে। বদলি কার্যকর করার তারিখ পর্যন্ত শিক্ষার্থী তার বর্তমান স্কুলে থাকতে পারবে।

5. বয়স যা-ই হোক, কোনো শিক্ষার্থীকেই ডিপ্লোমা-প্রদানকারী নয়, এমন (যেমন পূর্ণকাল GED প্রোগ্রাম) প্রোগ্রামে বা খণ্ডকালের প্রোগ্রামসমূহে অনৈচ্ছিক বদলি সুপারিশ করা যাবে না বা কার্যকর করা যাবে না।
6. এছাড়াও এক্সিকিউটিভ ডিরেক্টরকে গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে শিক্ষার্থী ও পিতামাতার আপিল করার অধিকারের কথা অবহিত করতে হবে।

## V. আপিল

আপিল করতে হবে লিখিতভাবে এবং চ্যান্সেলর বরাবর[2]।

সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল অবশ্যই জমা দিতে হবে যে তারিখে সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছে, তার দশ (10) স্কুল দিবসের অথবা টেপ রেকর্ডিং অথবা হিয়ারিং ট্র্যান্সক্রিপ্ট পাবার দশ (10) স্কুল দিবসের মধ্যে, যেটা পরে ঘটবে সেটা থেকে গণনা শুরু হবে। আপিল যতদিন বিবেচনাধীন থাকবে, বদলি পিছাতে থাকবে।

## VI. অনুসন্ধানসমূহ

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট

N.Y.C. ডিপার্টমেন্ট অভ এডুকেশন

52 Chambers Street – Room 218

New York, , NY, 10007

ফোন: 212-374-6784

ফ্যাক্স: 212-374-5751

Office of Legal Services

N.Y.C. ডিপার্টমেন্ট অভ এডুকেশন

52 Chambers Street – Room 308

New York, NY 10007

ফোন: 212-374-6888

ফ্যাক্স: 212-374-5596

[2] চ্যান্সেলরের সাথে সাথে যুগপত আপিল নথিবদ্ধ করতে হবে অফিস অভ লিগ্যাল সার্ভিসেস-এ (Office of Legal Services), Room 308, 52 Chambers Street, New York, NY 10007 ঠিকানায়।